# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- বিদ্যালয়- ১/সাধারণ/ ৮২৭৬ তারিখ : ১৬/০৩/১৭

বিষয় : **শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের শিক্ষা সফর, পিকনিক বা যে কোন দলগত ভ্রমণে যাবার অনুমতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ১২/০২/২০১৭ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩.৯৯।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের আয়োজনে ছাত্র-ছাত্রীদের শিক্ষা সফর, পিকনিক বা কোন উৎসব অথবা এ জাতীয় কোন আনন্দ ভ্রমণে যাতায়াতের সময় পরিবহনজনিত দুর্ঘটনাসহ বিভিন্ন ধরণের দুর্ঘটনা সংঘটিত হচ্ছে। সংশ্লিষ্ট সবার অধিকতর সতর্কতা গ্রহণের জন্য এ ধরণের শিক্ষা সফর, পিকনিক বা কোন উৎসব অথবা এ জাতীয় কোন আনন্দ ভ্রমণে যাতায়াতের সময় অধিকতর সতর্কতা অবলম্বন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

13.03.17

**এ.টি.এম. মইনুল হোসেন**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

**সংযুক্ত :** শিক্ষা মন্ত্রণালয়ের পত্র।

প্রাপক : **অধ্যক্ষ/প্রধান শিক্ষক**
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান।

১৬/০৩/১৭

13.03.17

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moedu.gov.bd

## পরিপত্র

নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩.৯৯

তারিখ : ৩০ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ / ১২ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয় : শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের শিক্ষা সফর, পিকনিক বা যে কোন দলগত ভ্রমণে যাবার অনুমতি প্রদান।**

সম্প্রতি লক্ষ করা যাচ্ছে যে, দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের আয়োজনে ছাত্র-ছাত্রীদের শিক্ষা সফর, পিকনিক বা কোন উৎসব অথবা এ জাতীয় কোন আনন্দ ভ্রমণে যাতায়াতের সময় পরিবহনজনিত দুর্ঘটনাসহ বিভিন্ন ধরনের দুর্ঘটনা সংঘটিত হচ্ছে। এ ধরনের অনাকাঙ্খিত দুর্ঘটনা পরিহারের জন্য অধিকতর সতর্কতা অবলম্বন করা প্রয়োজন। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক এ জাতীয় অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে নিম্নরূপ নিদের্শনা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে:

১.১ যে কোন সফরে যাবার পূর্বে জেলা পর্যায়ে হলে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক, উপজেলা পর্যায়ে হলে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-এর অনুমতি গ্রহণ করতে হবে;

১.২ জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার-এ ধরনের অনুমতি প্রদানের ক্ষেত্রে শিক্ষার্থীদের পরিবহনের জন্য ব্যবহৃত গাড়ীর ফিটনেস এবং চালকের ড্রাইভিং লাইসেন্স এর সঠিকতা নিশ্চিত করবেন;

১.৩ এ জাতীয় কোন আনন্দ ভ্রমণের স্থান সম্পর্কে পূর্বেই শিক্ষার্থীদেরকে সম্যক ধারণা দিতে হবে;

১.৪ ভ্রমণে যাবার পূর্বে শিক্ষার্থীর অভিভাবকের নিকট হতে সম্মতিপত্র গ্রহণ করতে হবে;

১.৫ এ সকল অনুষ্ঠানে অংশগ্রহণের সময় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের এক বা একাধিক দায়িত্বশীল শিক্ষক সঙ্গে থাকবেন এবং গাড়ী চালক যাতে গতি নিয়ন্ত্রণে রেখে সাবধানতার সাথে গাড়ী চালান তার প্রতি সর্তক দৃষ্টি রাখবেন;

১.৬ শিক্ষা সফর, পিকনিক বা কোন উৎসব অথবা এ জাতীয় কোন আনন্দ ভ্রমণের জন্য নির্ধারিত স্থানে যাওয়ার পূর্বে স্থানীয় প্রশাসন ও পুলিশ প্রশাসনকে আনুষ্ঠানিকভাবে অবহিত করতে হবে;

১.৭ স্থানীয় নিরাপত্তা সংক্রান্ত যে সকল বিধি-বিধান আছে তা সকলকে যথাযথভাবে অনুসরণ করতে হবে;

২.০ বর্ণিত বিষয়ে ইতোপূর্বে জারিকৃত সংশ্লিষ্ট আদেশসমূহ বাতিল বলে গণ্য হবে।

৩.০ এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
তারিখ:১২.০২.২০১৭
(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩.৯৯

তারিখ : ৩০ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ / ১২ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, জননিরাপত্তা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার, ঢাকা
৩. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. ভারপ্রাপ্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা
৬. অতিরিক্ত সচিব [প্রঃ ও অর্থ-উন্নয়ন-কলেজ-বিশ্ববিদ্যালয়-মাধ্যমিক (সরকারি-বেসরকারি)], মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. কমিশনার, ঢাকা-চট্টগ্রাম-রাজশাহী-খুলনা-বরিশাল-সিলেট-রংপুর-ময়মনসিংহ বিভাগ
৮. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৯. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
১০. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, কাকরাইল, ঢাকা
১১. যুগ্ম-সচিব (মাধ্যমিক-বিশ্ববিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-রাজশাহী-যশোর-সিলেট-বরিশাল-কুমিল্লা-চট্টগ্রাম- দিনাজপুর
১৩. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা-বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা
১৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৫. জেলা প্রশাসক ..............................................................................(সকল)
১৬. পুলিশ সুপার ..................................................................................(সকল)
১৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৮. উপজেলা নির্বাহী অফিসার.......................................................................(সকল)
১৯. তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
২১. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)..................................................
২২. জেলা শিক্ষা অফিসার ...........................................................................(সকল)
২৩. ভারপ্রাপ্ত থানা কর্মকর্তা.........................................................................(সকল)
২৪. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ........................(পরিপত্রের নির্দেশনা বাধ্যতামুলকভাবে অনুসরণ করার জন্য)।

(সালমা জাহান)
যুগ্মসচিব
ফোন ঃ ৯৫৫০৩৪১